রঘুনাথগঞ্জ শাখার
শুভ উদ্বোধন উপলক্ষে
মাত্র ৬০ৎ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম
ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের
১৫ই অক্টোবর পর্য্যন্ত
১০ৎ টাকা হইতে ৩০ৎ টাকা পর্য্যন্ত
বিশেষ কনশেসন
ধনরাজ পিপাড়া
রঘুনাথগঞ্জ ( সদরঘাট ), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৮ই শ্রাবণ বুধবার, ১৩৭৩ ইং 3rd Aug 1966 { ১২শ সংখ্যা।



সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা
কেরোসিন কুকার
বিপুণতা বাজারে।
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান
সুলভ ভাণ্ডার
রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস ফেভারিট
রঘুনাথগঞ্জ, ( বাস ষ্ট্যাণ্ড ) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ



জঙ্গিপুর সংবাদ

১৮ই শ্রাবণ বুধবার সন ১৩৭৩ সাল।

# দেশের সেবক বেশে দেশের সে বক

—•—

বনবাসকালে রামচন্দ্র পম্পা নদীর তীরে দেখিলেন একটি বক ধীরে ধীরে পা ফেলিয়া জলের দিকে অগ্রসর হইতেছে। রামচন্দ্র মহারাজ দশরথের জ্যেষ্ঠ পুত্র বলিয়া পিতার খুব আদরের সন্তান ছিলেন। বহির্জগতের সঙ্গে তাঁহার সম্বন্ধ কম ছিল। তিনি অত্যন্ত গুণগ্রাহী ছিলেন বলিয়া সকলের গুণই দেখিতেন। অনেকের দোষকেও গুণ বলিয়া গ্রহণ করিতেন। হিংস্র বক আহার অন্বেষণে জলের দিকে অগ্রসর হইতেছে ধীরে ধীরে। পায়ের শব্দ শুনিয়া তাহার শিকার মৎস্য সাবধান হইবে সন্দেহে ধীরে ধীরে নিঃশব্দে যাইতেছে। বকের এই হিংস পদবিক্ষেপকে গুণ বলিয়া গ্রহণ করিয়া তাহাকে ধার্ম্মিক বলিয়া মুগ্ধ হইয়াছেন। তাঁহার অনুজ লক্ষ্মণ তখন আহার্য্যাদি অন্বেষণে স্থানান্তরে গিয়াছিলেন। তিনি জ্যেষ্ঠের নিকট উপস্থিত হইবামাত্র বকের গুণমুগ্ধ রামচন্দ্র বলিলেন—

**শনৈঃ শনৈঃ ক্ষিপেৎ পাদৌ**
**প্রাণীনাং বধ শঙ্কয়া।**
**পশ্য লক্ষ্মণ পম্পায়াং**
**বকঃ পরম-ধার্ম্মিকঃ॥**

ভাবার্থ—কোন প্রাণী তাহার পায়ের চাপে বধ হইতে পারে—এই ভয়ে আস্তে আস্তে বক তাহার পদবিক্ষেপ করিতেছে—লক্ষ্মণ, পম্পা তীরে পরম ধার্ম্মিক বককে দর্শন কর।

লক্ষ্মণ রামচন্দ্রের মত পিতার আদরে রাজধানীতেই কালাতিপাত করেন নাই। বহির্জগতের বহু জ্ঞান তিনি অর্জ্জন করিয়াছিলেন।

জ্যেষ্ঠের এই কথা শুনিয়া সসম্মানে তিনি উত্তর দিলেন—

**ন জানাসি রাঘব ত্বং**
**বকঃ পরম-দারুণঃ—**
**নির্জীব-ভক্ষকো গৃধ্রঃ**
**সজীব-ভক্ষকো বকঃ।**

লক্ষ্মণ বলিলেন—হে রাঘব আপনি জানেন না—বক অতি দারুণ প্রাণী—গৃধ্র ( শকুন ) নির্জীব প্রাণীর মাংস ভক্ষণ করে কিন্তু বক জীবন্ত প্রাণী ধরিয়া খাইয়া থাকে।

বকের হিংস স্বভাব হইলেও গুণগ্রাহী রামচন্দ্র তাহার ধীর পদবিক্ষেপ দেখিয়া তাহাকে ধার্ম্মিক বলিয়া ভ্রান্ত ধারণা করিয়াছিলেন।

এই বক চরিত্রের মানুষ দেশের সেবক সাজিয়া কত প্রাণী বধ করিতেছে তাহার ইয়ত্তা নাই।

দেশের সেবক সাজিয়া দেশবাসীদের মঙ্গল করিবার ছলনা করিয়া সরল প্রাণ ব্যক্তির বিশ্বাস জন্মাইয়া নিজের স্বার্থ সিদ্ধি করিয়াছে ও করিতেছে। মহাত্মা গান্ধীর একান্ত সচিব ( সেক্রেটারী ) শ্রীনির্ম্মল বসু ও স্বাধীন ভারতের স্বনামধন্য কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী মরহুম মৌলানা আবুল কালাম আজাদের লিখিত পরম ধার্ম্মিকের সেবকত্বের মধ্যে সে বকত্ব দেখিয়া চমকিত ও চমৎকৃত হইবেন। মহারাজ দশরথের আদরের জ্যেষ্ঠ পুত্র রামচন্দ্র যেমন হিংস্র জন্তু বকের পরম ধার্ম্মিকত্ব দেখিয়া ভুল করিয়াছিলেন, তেমনি ভারতের স্বাধীনতা প্রয়াসী নেতাগণ কত আন্তরিক স্বার্থপর বাহ্যিক স্বার্থত্যাগী দেশ সেবকরূপী বককে ধার্ম্মিক জ্ঞানে ভুল করিয়াছেন।

ইংরাজ দুই শত বৎসরে যে দুর্গতি দিতে পারে নাই আজ উনিশ বৎসর স্বাধীনতা পেয়ে ভারতবাসী পথে ফেলা পাত হইতে কুকুরের সঙ্গে ভাত কুড়াইয়া খাইতেছে। বহু বকরূপী সেবক এর জন্য দায়ী। সেবকবেশী বকগুলি থাকিতে দেশের মঙ্গল নাই।

—————

## ভাগীরথীর কবলে জঙ্গিপুর

—০—

দিন কয়েক হইতে ভাগীরথী নদী দিয়া পদ্মার জল প্রবাহিত হইতেছে। ইতিমধ্যেই জলস্রোতে ধনপতনগর হইতে জঙ্গিপুর সদরঘাট পর্য্যন্ত অর্দ্ধ-মাইল পরিমাণ তীরে ভাঙ্গন ধরিয়াছে। সদর-ঘাটের পাকুড় গাছটীর পাশ দিয়া জলস্রোত ভিতর দিকে প্রবেশ করিতেছে। ফৌজদারী কাছারীর সম্মুখে ভাগীরথী গর্ভে বিরাট চর থাকার জন্য পদ্মার জলস্রোত জঙ্গিপুরের দিকে প্রবল বেগে প্রবাহিত হওয়ায় এই ভাঙ্গন আরম্ভ হইয়াছে। সরকারী সেচ ও পূর্ত্ত বিভাগ আনুমানিক ত্রিশ হাজার টাকা ব্যয়ে নদী তীর বাঁধাইয়াছে উহাতে কোন সুফল হইবার সম্ভাবনা নাই বলিয়াই লোকে অনুমান করিতেছে। অচিরে নদী গর্ভের চরটির মাঝামাঝি একটি নালা কাটিবার ব্যবস্থা করিলে প্রখর জলস্রোত উভয় পার্শ্বে প্রবাহিত হইলে সুফল হইতে পারে। ভাঙ্গন বন্ধ না হইলে বহু জমির ভাদুই ধান, পাট ও অন্যান্য ফসল বিনষ্ট হইবে। প্রাচীন শহর জঙ্গিপুরকে রক্ষা করার জন্য মুর্শিদাবাদের সুযোগ্য জেলা-শাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—————

## আয়ুর্বেদ চিকিৎসায় সংকট

—০—

আয়ুর্ব্বেদ শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল, গবেষণা মন্দির, ঔষধ তৈরীর কারখানা, দাতব্য ঔষধালয় প্রভৃতি অভাবের জন্য পশ্চিমবঙ্গে আয়ুর্ব্বেদ চিকিৎসা সঙ্কটের মুখে দাঁড়িয়েছে। অবিলম্বে ওই সব প্রতিষ্ঠান চালু করার দাবি করে সংযুক্ত আয়ুর্ব্বেদ উত্থান সমিতির সভাপতি কবিরাজ রামচন্দ্র মল্লিক অভিযোগ করেন যে, পশ্চিমবঙ্গ সরকার এ ব্যাপারে সম্পূর্ণ নীরব। শ্রী মল্লিকের অভিযোগ ১৯৬১ সালে আয়ুর্ব্বেদ বিল পাশ হয়েছে। কিন্তু এ পর্য্যন্ত বিলের একটি ধারাও এ রাজ্যে কার্য্যকরী হয়নি। অথচ এজন্য সমিতি রাজ্য সরকারের নিকট বহু আবেদন নিবেদন করেছেন।

—————

## মির্জ্জাপুরে বনমহোৎসব

গত ৩১শে জুলাই রবিবার বৈকালে মির্জ্জাপুরের গ্রামবাসীদের উদ্যোগে ও রঘুনাথগঞ্জ ১নং সমাজ উন্নয়ন সংস্থার সহযোগিতায় মির্জ্জাপুর প্রাইমারী বিদ্যালয় প্রাঙ্গণে সপ্তদশ বার্ষিক বনমহোৎসব অনুষ্ঠিত হইয়াছে। উক্ত অনুষ্ঠানে জঙ্গিপুরের মহকুমা-শাসক শ্রীনৃসিংহপ্রসাদ বাগচী, আই-এ-এস মহোদয় পৌরোহিত্য করেন ও বিদ্যালয় প্রাঙ্গণে একটা 'নারিকেল চারা' রোপণ করেন। সভায় মির্জ্জাপুর ও পার্শ্ববর্ত্তী গ্রামসমূহের জনগণ সমবেত হইয়াছিলেন।

উক্ত সভার সাত ছত্র মুদ্রিত নিমন্ত্রণ পত্রখানির নিম্নরেখ শব্দগুলির বর্ণাশুদ্ধির প্রতি মির্জ্জাপুর দ্বিজপদ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বনমহোৎসব সমিতির সভাপতি শ্রীরমাকান্ত আচার্য্য মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি। যাঁহার মাতব্বরীতে উহা মুদ্রিত হইয়াছে তাঁহার কৈফিয়ৎ লউন।

মহাশয়,

আগামী ৩১শে জুলাই রবিবার বৈকাল ৫ ঘটিকায় মির্জ্জাপুর গ্রামবাসীর উদ্যোগে ও রঘুনাথগঞ্জ ১নং সমাজ উন্নয়ন সংস্থার সহযোগীতায় মির্জ্জাপুর প্রাইমারী বিদ্যালয় প্রাঙ্গনে সপ্তদশ বার্ষিক "বনমহোৎসব" অণুষ্ঠিত হইবে।

উক্ত অনুষ্ঠানে মহকুমা শাসক শ্রদ্ধেয় শ্রীনৃসিংহ-প্রসাদ বাগচী আই, এ, এস, মহোদয় পৌরহিত্য করিবেন। আপনার উপস্থিতিতে মহোৎসব সার্থক হউক এই কামনা করি।

বিণীত—শ্রীরমাকান্ত আচার্য্য

মির্জ্জাপুর
২৭-৭-৬৬ সাল।

সভাপতি,
মির্জ্জাপুর বনমহোৎসব সমিতি

## চোরের প্রাণান্ত

গত ১৫ই শ্রাবণ রবিবার রাত্রিতে জঙ্গিপুর জয়রামপুরের হুরমুজ সেখ নামক একজন নামজাদা চোর এক বাড়ীতে চুরি করিতে গিয়া বাধাপ্রাপ্ত হইলে গৃহকর্ত্রী ও গৃহকর্ত্তাকে সাংঘাতিকভাবে আহত করে। তাহাদের চীৎকারে লোকজন জুটিয়া চোরকে ধরে বেদম প্রহার দেয়। থানা আনিবার পথে চোরটির মৃত্যু হইয়াছে বলিয়া প্রকাশ।

## সরকারী বিজ্ঞপ্তি

সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ, পোঃ বহরমপুর, বিজ্ঞাপিত করিতেছেন যে মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকার ২৮শে মার্চ্চ, ১৯৬৬ তারিখের ইহার সভায় রাধারঘাট—বেলগ্রাম ( কান্দি হইয়া ) রুটের কান্দি—বেলগ্রাম অংশের বর্ত্তমান অপারেটর শ্রীরেণুপদ দাস, পোঃ কান্দি, জেলা মুর্শিদাবাদ-এর অনুকূলে স্থায়ীভাবে প্রত্যহ উভয়দিকে অতিরিক্ত এক ট্রিপ মঞ্জুর করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। ১৯৩৯ সালের মোটরযান আইনের ৫৭ ধারা অনুযায়ী এই ব্যাপারে আর্জ্জিসমূহ উপরোক্ত সচিব কর্ত্তৃক ১৯৬৬ সালের ২৫শে আগষ্ট বৈকাল ৫টা পর্য্যন্ত গৃহীত হইবে। আঞ্চলিক পরিবহন প্রাধিকার কর্ত্তৃক আর্জ্জিসমূহ ( যদি পাওয়া যায় ) বিবেচনার তারিখ, সময় ও স্থান যথাসময়ে জানানো হইবে।

## সন্তরণ প্রতিযোগিতা

আগামী ১৪ই আগষ্ট '৬৬ মুর্শিদাবাদ সন্তরণ সংস্থার ব্যবস্থাপনায় রাজ্য সন্তরণ সংস্থা অনুমোদিত অন্তঃ জেলা ( মুর্শিদাবাদ, বীরভূম, নদীয়া বিভাগ ) সন্তরণ প্রতিযোগিতা মুর্শিদাবাদ ইন্সষ্টিটিউট অফ টেকনোলজি ( বানজেটিয়া বহরমপুর ) প্রাঙ্গণে অনুষ্ঠিত হইবে। প্রতিযোগিতার বিষয় (সাধারণের) ফ্রী ষ্টাইল ১০০, ২০০, ৪০০ মিটার। ব্যাকষ্ট্রোক, ব্রেষ্টষ্ট্রোক ও বাটার ফ্লাই ১০০ মিটার। এতদ্ব্যতীত ছাত্রদের জন্যও কয়েকটি প্রতিযোগিতা অনুষ্ঠিত হইবে। কোনরূপ প্রবেশ মূল্য লাগিবে না। আগামী ৮ই আগষ্টের মধ্যে যুগ্ম সম্পাদক মুর্শিদাবাদ সন্তরণ সংস্থা, ২৪নং গ্রান্টহল রোড, বহরমপুরে যোগাযোগ করুন।

২৩শ বার্ষিক গঙ্গা সন্তরণ প্রতিযোগিতা আগামী ২৮শে আগষ্ট, ১৯৬৬ অনুষ্ঠিত হইবে। যোগদানের শেষ তারিখ আগামী ২০শে আগষ্ট, ১৯৬৬। বিশেষ বিবরণের জন্য যুগ্ম সম্পাদক মুর্শিদাবাদ সন্তরণ সংস্থা, ২৪নং গ্র্যান্টহল রোড, বহরমপুরে যোগাযোগ করুন।

## সরকারী বিজ্ঞপ্তি

সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ, পোঃ বহরমপুর নিম্নবর্ণিত রুটগুলিতে একটি করিয়া যাত্রীবাহী গাড়ীর পারমিট প্রদানের জন্য নির্দ্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করিতেছেন :—

(১) লালগোলা—জঙ্গিপুর ; (২) কান্দি—চিরুটি। স্থানীয় ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ায় দরখাস্ত ফি বাবদ পাঁচ টাকা জমা দেওয়ার চালান উপস্থাপিত করিলে উপরোক্ত অফিস হইতে নির্দ্ধারিত ফরম পাওয়া যাইবে। উক্ত চালান সহ দরখাস্তসমূহ উপরোক্ত সচিব কর্ত্তৃক ২০ আগষ্ট, ১৯৬৬ তারিখ পর্যন্ত গৃহীত হইবে।

## সরকারী বিজ্ঞপ্তি

সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ, পোঃ বহরমপুর, বিজ্ঞাপিত করিতেছেন যে মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকার ২৫শে জুন, ১৯৬৬ তারিখের ইহার সভায় রাধারঘাট—খাগড়াঘাট রেলওয়ে ষ্টেশন রুটের কান্দি পর্যন্ত সম্প্রসারণ রুটের অপারেটর শ্রীধীরেন্দ্রনাথ বোস, পোঃ গোপজান-এর অনুকূলে মঞ্জুর করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। ১৯৩৯ সালের মোটরযান আইনের ৫৭ ধারা অনুযায়ী এই ব্যাপারে আর্জ্জিসমূহ উপরোক্ত সচিব কর্ত্তৃক ২৫শে আগষ্ট, ১৯৬৬ তারিখ বৈকাল ৫টা পর্য্যন্ত গৃহীত হইবে। আর্জ্জিসমূহ ( যদি পাওয়া যায় ) বিবেচনার তারিখ, সময় ও স্থান যথাসময়ে জানানো হইবে।

## শোভাযাত্রা

গত ২৯শে জুলাই তারিখে নিমতিতা, অরঙ্গাবাদ, ধুলিয়ান উচ্চ বিদ্যুৎ সম্পন্ন (H. T) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ কর্মীদের দাবী দিবস উপলক্ষে এক বিরাট শোভাযাত্রা বাহির হয়। এই শোভাযাত্রা বোনাস, মহার্ঘ্যভাতা, সর্ব্ব শ্রেণীর কর্মীদের ঘর ভাড়া ও অন্যান্য দাবীতে বিভিন্ন ধ্বনি দিতে দিতে শহর পরিক্রমা করে। জনগণ বিদ্যুৎ কর্মীদের স্বতঃস্ফূর্ত্তভাবে অভিনন্দন জানায়।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও **অঞ্চল পঞ্চায়েৎ**, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও গোডাউন
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪১৬৬



## দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)